গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী
e-mail: rajshahicollegebd@gmail.com, website: www.rc.gov.bd
online news portal: rcbarta.com

স্মারক নম্বর: ৩৭.০২.৮১২২.১০১.২৫.০২

তারিখ: ১৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
০১ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

বিষয়: ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেনশন বিষয়ে গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান প্রসঙ্গে

সূত্র: স্মারক নং-৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০৬.১৭.২৩৮, তারিখ: ৩০/১২/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন সরকারি-বেসরকারি কলেজে কর্মরত শিক্ষক ও গবেষকগণের নিকট হতে ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেনশন বিষয়ে গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সম্মানিত বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানানো হলো।

সংযুক্ত: বর্ণনা মতোবেক।

০১/০১/২০২৫
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী
০২৫৮৮৮৫৫৪৭৫

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ:

১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
২। বিভাগীয় প্রধান, রাজশাহী কলেজ, রাজশাহী;
৩। প্রধান সহকারী, রাজশাহী কলেজ, রাজশাহী;
৪। সংরক্ষণ নথি।

E:\ADMINISTRATION\Acra Ditantion BAC\Biggopty.doc

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিএসএল অফিস কমপ্লেক্স- ২ (৩য় তলা)
১ মিন্টো রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

স্মারক নং: বিএসি/বগপ্র/গবেষণা/গ. প্র. ২০২৫-২৬/১৬/২০২৪-১৭১

তারিখ: ০৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

**মহাপরিচালক**
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
১৬, আব্দুল গনি রোড, বাংলাদেশ, ঢাকা-১০০০।

**বিষয়: ২০২৫-২৬ অর্থ বছরের জন্য কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান।**

**মহোদয়,**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, দেশের উচ্চ শিক্ষার গুণগত মান নিশ্চিতকরণের উদ্দেশ্যে কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন সংক্রান্ত নতুন জ্ঞান আহরণের জন্য বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) ২০১৮ সাল থেকে কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় দেশের সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-গবেষকগণের নিকট থেকে ২০২৫-২৬ অর্থ বছরের জন্য এক বছর মেয়াদী (সর্বোচ্চ তিন লক্ষ টাকা) গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান করা হয়েছে। গবেষণা প্রকল্প প্রস্তাব সংক্রান্ত সকল তথ্য কাউন্সিলের ওয়েবসাইট (https://www.bac.gov.bd) ও Facebook: https://www.facebook.com/BAC.GOV -এ প্রকাশ করা হয়েছে। ২৩ থেকে ২৬ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখের জাতীয় দৈনিক পত্রিকা: 'বাংলাদেশ প্রতিদিন' এবং The Business Standard -এ বিজ্ঞপ্তিটি প্রকাশিত হয়েছে। এছাড়াও দেশের সকল পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষ বরাবর বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের আওতাধীন কলেজ বা মহাবিদ্যালয়ে কর্মরত শিক্ষক ও গবেষকগণকে অবহিতকরণের লক্ষ্যে গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি আপনার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে সবিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তি: গবেষণা প্রকল্প প্রস্তাব সংক্রান্ত বিজ্ঞপ্তি।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২২/১২/২০২৪
(ফারজানা শারমিন, পিএইচডি)
উপপরিচালক (বহিঃসম্পর্ক, গবেষণা ও প্রকাশনা)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা
টেলিফোন (অফিস): ০২-২২২২২৯৩১৯
ই-মেইল: dd.exarsp@bac.gov.bd; farzana1205@yahoo.com

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১-৪. পূর্ণকালীন সদস্য (সকল), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
৫. পরিচালক, কলেজ ও প্রশাসন উইং, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৬. পরিচালক, প্রশিক্ষণ উইং, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৭. পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন উইং, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৮. উপপরিচালক ও একান্ত সচিব (চেয়ারম্যান), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ঢাকা;
৯. অফিস কপি।

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি)
বিনিয়োগ ভবন কমপ্লেক্স- ২ (৩য় তলা)
১ শিল্পী রোড, রমনা, ঢাকা-১০০০
www.bac.gov.bd

স্মারক নং- বিএসি/প্রকাশনা/গবেষণা/প্র. ২০২৪-২৫/১৬/২০২৪-১৮৭

তারিখ: ০৭ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ
২২ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

# ২০২৫-২৬ অর্থ বছরের জন্য কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান

বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (বিএসি) কর্তৃক দেশের সকল উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান ও গবেষণা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-গবেষকগণের নিকট থেকে কোয়ালিটি অ্যাসুরেন্স ও অ্যাক্রেডিটেশন বিষয়ে ২০২৫-২৬ অর্থ বছরের জন্য এক বছর মেয়াদী (সর্বোচ্চ তিন লক্ষ টাকা) গবেষণা প্রকল্প প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। গবেষণা প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও দাখিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রক্রিয়া অবশ্যই অনুসরণ করতে হবে:

১. 'বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২' অনুসরণপূর্বক এবং নির্ধারিত ফরম (প্রোফর্মা) অনুসারে গবেষণা প্রকল্প প্রস্তাব **০৬ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ (বৃহস্পতিবার) তারিখের মধ্যে** ই-মেইলে ০১ সেট সফট কপি (Microsoft Office Word) এবং ০২ সেট Hard copy প্রদত্ত ঠিকানায় দাখিল করতে হবে।

২. **নির্ধারিত ফরম (প্রোফর্মা):** https://www.bac.gov.bd (নোটিশ বোর্ড/গবেষণা ও প্রকাশনা); Facebook: https://www.facebook.com/BAC.GOV.

৩. **গবেষণা প্রকল্প প্রস্তাব প্রেরণের ঠিকানা:** উপপরিচালক (বহিঃসম্পর্ক, গবেষণা ও প্রকাশনা), বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, বিনিয়োগ ভবন কমপ্লেক্স- ২ (৩য় তলা), ১ শিল্পী রোড, রমনা, ঢাকা-১০০০। Email: dd.exarsp@bac.gov.bd; farzana1205@yahoo.com.

৪. 'বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২' অনুসরণপূর্বক গবেষণা প্রকল্প প্রস্তাব যথাযথভাবে দাখিল করতে হবে (Part-A-Project information; Part-B-Logical interpretation; Part-C-Budget; Part-D-Project completion plan; Part-E-Short CV of the Researcher).

৫. ০২ সেট Hard copy অবশ্যই A4 খামে প্রেরণ করতে হবে। খামের উপরে গবেষণা প্রকল্প প্রস্তাবের শিরোনাম, প্রেরকের ঠিকানা এবং প্রাপকের ঠিকানা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। গবেষণা প্রকল্প প্রস্তাবের শিরোনাম, ক্ষেত্র, লক্ষ্য এবং উদ্দেশ্য 'বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল গবেষণা নীতিমালা, ২০২২' -এর লক্ষ্য এবং উদ্দেশ্যের সাথে সংগতিপূর্ণ হতে হবে।

৬. গবেষণা প্রকল্প প্রস্তাবসহ সংশ্লিষ্ট কাগজাদি এবং Plagiarism Checking Certificate (যদি থাকে) গবেষকের কর্মরত প্রতিষ্ঠান প্রধান (উপাচার্য বা উপ-উপাচার্য বা রেজিস্ট্রার বা ট্রেজারার বা গবেষণা কেন্দ্রের পরিচালক)-এর প্রতিস্বাক্ষরে প্রেরণ করতে হবে। মহাবিদ্যালয় বা কলেজের ক্ষেত্রে মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিস্বাক্ষরে প্রেরণ করতে হবে।

৭. একই অর্থ বছরে কোন গবেষণা প্রকল্প চলমান থাকলে তা সমাপ্ত না হওয়া পর্যন্ত গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল করা যাবে না।

৮. গবেষকগণকে এককভাবে গবেষণা প্রকল্প পরিচালনায় উদ্বুদ্ধ করা হচ্ছে, তবে যৌথভাবেও গবেষণা প্রকল্প পরিচালনা করা যাবে। অবসরপ্রাপ্ত বা বিদেশে অবস্থানকারী বাংলাদেশী শিক্ষক বা গবেষক এবং বাংলাদেশে কর্মরত বিদেশি শিক্ষক বা গবেষক অবশ্যই বাংলাদেশে কর্মরত কোনো শিক্ষক বা গবেষকের সাথে যৌথভাবে গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল করবেন। কর্মরত শিক্ষক বা গবেষক ছাড়া অন্য কেউ মুখ্য গবেষক হিসেবে গবেষণা প্রকল্প প্রস্তাব দাখিল করতে পারবেন না।

৯. গবেষণা প্রকল্প প্রস্তাব সংক্রান্ত যেকোন তথ্যের জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে পারবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

২২/১২/২০২৪
(ফারজানা শারমিন, পিএইচডি)
উপপরিচালক (বহিঃসম্পর্ক, গবেষণা ও প্রকাশনা)
বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল
টেলিফোন (অফিস): ০২-২২২২২৬০৩৯
ই-মেইল: dd.exarsp@bac.gov.bd; farzana1205@yahoo.com